



DeKalb County
School District

মাস্ক পরার নিয়মের নব-সংযোজন

(12 জুলাই, 2021 পর্যন্ত)

DeKalb County School District (DCSD) শিক্ষার্থী এবং কর্মীদের নিরাপদে ক্লাস করার পরিবেশ সরবরাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ। DCSD আবার স্কুলে ক্লাস শুরু করার জন্য মুখিয়ে আছে যাতে আমরা শিক্ষার্থীদের চাহিদা মেটাতে ন্যায্যসঙ্গত শিক্ষা পরিষেবা প্রদান করার লক্ষ্যে চালিয়ে যেতে পারি।

ডিস্ট্রিক্ট টিকা না নেয়া ব্যক্তিদের মধ্যে ডেল্টা প্রজাতির সংক্রমণ বেড়ে যাওয়া সহ বর্তমানে সংক্রমণের প্রবণতা নিরীক্ষণ করা চালিয়ে যাচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনুসারে, করোনা ভাইরাসের ডেল্টা প্রজাতি এখন দাপট দেখাচ্ছে।

নিম্নলিখিত তথ্য আমাদের ভবন, স্কুল, অফিসে কোভিড-19 ছড়িয়ে পড়া হ্রাস করতে সহায়তা করার জন্য সুপারিশ অনুযায়ী সেগুলোকে খোলার উপযুক্ত করার নির্দেশনা প্রদান করবে।

রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রের (Center for Disease Control, CDC) 7/9/21 সুপারিশ অনুসারে স্কুলগুলো 2021-2022 স্কুল শিক্ষাবর্ষের জন্য কোভিড-19 প্রতিরোধ কৌশল ব্যবহার করা চালিয়ে যাচ্ছে।

CDC-এর সুপারিশকৃত মূল প্রতিরোধ কৌশলসমূহ যা স্কুলে ক্লাস করার ক্ষেত্রে এবং স্কুলে কোভিড-19 ছড়ানো প্রতিরোধ করতে সাহায্যের জন্য আবশ্যিক সেগুলো হল:

1. মাস্কের সর্বজনীন ও সঠিক ব্যবহার।
2. যতটা সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখা।
3. হাত ধোয়া এবং শ্বাস নেয়ার শিষ্টাচার।
4. ভবন স্বাস্থ্যকর রাখতে পরিষ্কার করা এবং রক্ষণাবেক্ষণ করা।
5. বিচ্ছিন্নতা এবং কোয়ারান্টাইন একত্র সহযোগে কন্ট্যাক্ট ট্রেসিং।
6. অসুস্থ কারও কাছে থাকলে কোভিড-19 এর উপসর্গ দেখা দিয়েছে কিনা তা দেখা। যদি আপনার কোভিড-19 এর উপসর্গ দেখা দেয়, তাহলে আপনাকে পরীক্ষা করাতে হবে, বাসায় সকলের থেকে আলাদা থাকতে হবে।
7. টিকা নেয়া।

DeKalb County School District নিম্নলিখিত বাস্তবায়িত করবে:

- স্কুল বাসে করে যাওয়ার সময় সমস্ত শিক্ষার্থীকে **অবশ্যই মাস্ক পরতে হবে**। এই প্রয়োজনীয়তা CDC-এর সুপারিশগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ যে গণ পরিবহন ব্যবহার করার সময় সমস্ত ব্যক্তিকে মাস্ক পরতে হবে।
- প্রাথমিক শিক্ষার্থীদের টিকা না থাকায় তাদের **মাস্ক ব্যবহার করতে হবে**। স্কুলগুলো ক্যাফেটেরিয়া এবং অন্যান্য ক্ষেত্রের জন্য সর্বোত্তম ব্যবস্থা করবে যেখানে শিক্ষার্থীদের মাস্ক পরা কঠিন হবে।

- মিডল ও হাই স্কুলের শিক্ষার্থীদের পাশাপাশি সমস্ত কর্মীদেরকে মাস্ক **অবশ্যই** পরতে হবে। যদিও পুরোপুরি টিকা প্রাপ্ত কর্মী এবং শিক্ষার্থীদের (12 বা তার বেশি) CDC-এর মাস্ক পরা বাধ্যতামূলক নয়, তাহলেও সতর্কতার জন্য সমস্ত ভবনে মাস্ক পরতে হবে।
ডিস্ট্রিক্ট টিকা প্রাপ্ত শিক্ষার্থী এবং কর্মীদের চিহ্নিত করার কার্যকর পদ্ধতিগুলি পর্যালোচনা করবে এবং ঐচ্ছিক মুখোশ পরা পুনরায় মূল্যায়ন করবে। **পিতামাতাদের তাদের পরিবারের জন্য সেরা টিকা বিকল্পের জন্য তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে পরামর্শ করার জন্য বলা হচ্ছে।**
- কোভিড-19 এ আক্রান্ত কর্মী বা শিক্ষার্থীদেরকে বাসায় সকলের থেকে আলাদা থাকতে হবে ও তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর থেকে পরিচর্যা নিতে হবে।
- ঘরের ভিতর স্কুল পরবর্তী সম্প্রসারিত ডে প্রোগ্রামের (After School Extended Day Programs, ASED) কর্মকাল্ডের জন্য মাস্ক পরা **আবশ্যিক**। বাইরের কর্মকাল্ডের জন্য মাস্ক **আবশ্যিক** নয়।
- অ্যাথলেটিক স্পোর্টস ইভেন্টের জন্য মাস্ক পরা **আবশ্যিক** নয়। লকার রুম ও ওজনের রুমে মাস্ক পরা **আবশ্যিক**। ক্রীড়া অনুষ্ঠানের সুরক্ষার জন্য অ্যাথলেটিক দলগুলিকে জর্জিয়ার হাই স্কুল অ্যাসোসিয়েশনের সমস্ত নিয়ম অনুসরণ করা প্রয়োজন।

ঘরের ভিতরে খেলার ক্ষেত্রে মাস্ক পরা **আবশ্যিক**। বাইরের কর্মকাল্ডের জন্য মাস্ক **আবশ্যিক** নয়।

- কোভিড-19 সংস্পর্শ/পজিটিভের ঘটনার খবর এলে কর্মীরা কোভিড-19 এর ডিস্ট্রিক্ট প্রোটোকল মেনে চলা চালিয়ে যাবে।

স্কুলগুলো ও ডিস্ট্রিক্ট প্রশমন কৌশল চালিয়ে যাওয়া অব্যাহত রাখবে। সমস্ত কর্মী এবং শিক্ষার্থীদের মাস্ক পরার প্রয়োজনীয়তা সহ, ডিস্ট্রিক্ট কাউন্টি এবং ডিস্ট্রিক্টের সংক্রমণের পরিসংখ্যান পর্যবেক্ষণ করতে থাকবে এবং এইসব কার্যকলাপ বদল করতে পারে।

সর্বাধিক বর্তমান গবেষণা, চিকিত্সকের পরামর্শ এবং সংক্রমণ বৃদ্ধির ভিত্তিতে টিকা অনুরোধ, নজরদারি পরীক্ষা বা পুল পরীক্ষার মোকাবেলায় ডিস্ট্রিক্ট কমিউনিটি পার্টনারদের সাথে কাজ করা অব্যাহত রাখবে।



DeKalb County
School District

